

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৩.০৭.০৮৪.১৩ - ৭৫৭

তারিখঃ ২৫/১০/২০১৬ খ্রিঃ।

বিষয় : ২০১৬-১৭ অর্থ বছরের 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : টিএসসি/মেহের/৪২০৯, তারিখ: ২২/৯/২০১৬ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থ বছরে তাঁর প্রতিষ্ঠানের মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত 'Annual Procurement Plan' এবং সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় নিম্ন বর্ণিত অসঙ্গতি পরিলক্ষিত হয়-

- পিপিআর-২০০৮ এ বিদ্যমান 'বার্ষিক ক্রয় পরিকল্পনা'র জন্য নির্ধারিত ছক পূরণের বিষয়ে অধিদপ্তর হতে পূরণকৃত নমুনা 'ছক' - মোতাবেক ক্রয় প্রক্রিয়াকরণের জন্য ক্রয় পদ্ধতি অনুসরণ করা হয়নি।
এবং তাঁর প্রতিষ্ঠান হতে অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের পক্ষে উল্লিখিত তারিখ বাস্তব সম্মত নয়।
অর্থাৎ, অনুমোদনের প্রস্তাব প্রেরণের পূর্বেই "Annual Procurement Plan" এ ক্রয় প্রক্রিয়াকরণের তারিখ দেয়া হয়েছে।
- ৪৮১৭-টেলেক্স/ফ্যাক্স/ইন্টারনেট উপধাতে ক্রয়ের জন্য সংযুক্ত তালিকায় প্রস্তাব প্রেরণকৃত মালামাল সংশ্লিষ্ট উপধাতভুক্ত নয়।
- ৪৮৩১-বইপত্র সাময়িকী উপধাতে সংযুক্ত তালিকায় কোন কোনটিতে লেখক বা প্রকাশনীর নাম যুক্ত করা হয়নি।
- ৪৮৫২-রাসায়নিক দ্রব্যাদি উপধাতে রাসায়নে অন্যান্য আনুষঙ্গিক মালামাল (রাসায়নিক নয়) ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- ৪৮৫৬-কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ উপধাতে নষ্টযোগ্য/কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ ক্রয়ের প্রস্তাব না করে যন্ত্রপাতি/সম্পদ ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।
- বোর্ড অ্যাফিলিয়েশন ফি, আর পি এর আবেদন ফি, ৩৬০ ঘন্টার বেসিক কোর্স আবেদন ফি এবং লিভারিজ এর জন্য নির্দিষ্ট উপধাত থাকা সত্ত্বেও ৪৮৯৯-অন্যান্য ব্যয় উপধাত হতে বোর্ড অ্যাফিলিয়েশন ফি, আর পি এর আবেদন ফি, ৩৬০ ঘন্টার বেসিক কোর্স আবেদন ফি এবং লিভারিজ পরিশোধের জন্য প্রস্তাব করা হয়েছে।
- ৪৯০০-মেরামত ও সংরক্ষণ উপধাতের আওতায় মেরামত যোগ্য মালামাল/যন্ত্রপাতির তালিকায় টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।
- ৬৮০০-সম্পদ সংগ্রহ/ক্রয় উপধাতের আওতায় সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় কোন কোনটিতে টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি এবং সম্পদ সংগ্রহ/ক্রয় উপধাতে যন্ত্রপাতি/সম্পদ ক্রয়ের জন্য প্রস্তাব না করে নষ্টযোগ্য/কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ এবং অন্যান্য যন্ত্রাংশ ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে যা সংশ্লিষ্ট উপধাতভুক্ত নয়।
- সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় কোন কোনটিতে ০১(এক)টি মাত্র কোম্পানির নাম উল্লেখ করা হয়েছে যা বিধি সম্মত নয়।

২০১৬-১৭ অর্থ বছরের 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' (APP) প্রণয়ন করে অধিদপ্তরে প্রেরণের জন্য অত্র অধিদপ্তরের স্মারক নং ৩৭.০৩.০০০০.০২৩.২০.০০১.১৬-৬৪৭(৮৭), তারিখ : ১৭/৭/২০১৬ খ্রিঃ মূলে পূরণকৃত 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' এর নমুনা ছক সম্বলিত পত্র প্রেরণ করা হয়।

তাছাড়া, বিভাগীয় প্রধান এবং অধ্যক্ষগণকে সরকারি তহবিলের অর্থ দ্বারা পণ্য, কার্য বা সেবা ক্রয় এবং আনুষঙ্গিক বিষয়ে একাধিকবার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, পিপিআর-২০০৮ এ বিদ্যমান সুনির্দিষ্ট ছক, অধিদপ্তর হতে পূরণকৃত নমুনা 'ছক' ও এ বিষয়ে প্রশিক্ষণ থাকা সত্ত্বেও কেন 'বার্ষিক ক্রয় পরিকল্পনা'তে ক্রয় পদ্ধতির নির্দেশনা অনুসরণ করা হয়নি এবং উপরে বর্ণিত দফা খ) হতে ঝ) পর্যন্ত মালামাল/যন্ত্রপাতির ক্রটিপূর্ণ তালিকা প্রস্তুত করে 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদনের জন্য অধিদপ্তরে প্রস্তাব করা হয়েছে তা পত্র প্রাপ্তির পর ০৩(তিন) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট ব্যাখ্যা প্রদান এবং পিপিআর-২০০৮ এ বিদ্যমান বিধি মোতাবেক সঠিকভাবে APP তৈরি করে পুনরায় অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হলো।


(মোঃ মিজানুর রহমান)
যুগ্মসচিব
পরিচালক (ভোকেশনাল)
ফোন : ০২-৯১১১০২৩।

প্রাপক :

অধ্যক্ষ
মেহেরপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ
মেহেরপুর।

অনুলিপি :

০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।